



## উপজেলা পরিক্রমা

### ফেঞ্চগঞ্জ

ফেঞ্চগঞ্জ, ২৩ এপ্রিল (সংবাদদাতা)।— প্রাকৃতিক সৌন্দর্যের নীলাভূমি ফেঞ্চগঞ্জ উপজেলা। ১৯৮১ ইংরেজীর সালের ২ জুলাই ফেঞ্চগঞ্জ থানাকে উপজেলা হিসেবে উদ্বোধন করা হয়। আয়তনের দিক দিয়ে মাত্র ৪১ বর্গ মাইলের এ উপজেলা ৩টি ইউনিয়ন নিয়ে গঠিত। এর পূর্বদিকে গোলাপগঞ্জ, পূর্ব-দক্ষিণ কোণে বড়লেখা, দক্ষিণ দিকে কুলাউড়া, দক্ষিণ-পশ্চিম কোণে রাজনগর, পশ্চিম দিকে বালাগঞ্জ ও উত্তর দিকে সিলেট সদর উপজেলা। লোকসংখ্যা ৬৩,৬৭৬ জন। পরিবারের সংখ্যা ১১,০০০, ভূমিহীন পরিবার ৯৯৩, ভোটার সংখ্যা ৩৪,৭১৫ জন। আধুনিক সারকারখানা এ উপজেলায় অবস্থিত। রেল বিভাগের তিনটি স্টেশন এ উপজেলায় অবস্থিত। এখানকার উল্লেখযোগ্য অফিসগুলো হচ্ছে: ১টি কলকল্যাণ অফিস, ১টি সার-রেজিস্টারী, ৩টি রেল-স্টেশন, ১টি সারকারখানা, ৬টি ডাকঘর, ২টি টেলিগ্রাফ, ৩টি পাবলিক কল, ১টি আদায়গের এক্সচেঞ্জ, ১টি ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, ১টি পল্লী চিকিৎসা কেন্দ্র, ৩টি চা-বাগান, ৮টি ব্যাংক, ১টি ডাকবাংলা, ৬টি হাটবাজার, ১টি ত্রাণ শিবির।

**শিক্ষা**  
উপজেলার সর্বোচ্চ বিদ্যালয়, ফেঞ্চগঞ্জ ডিগ্রী কলেজ। ১টি বালিকা উচ্চ বিদ্যালয়, ৬টি বালক উচ্চ বিদ্যালয়, ১টি

নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ৩৩টি প্রাথমিক বিদ্যালয়, ২টি নতুন আদর্শ প্রাঃ বিদ্যালয়, ২টি দাখিল মাদ্রাসা, ৫টি ফোরকানিয়া মাদ্রাসা, মসজিদ ৯০টি, মন্দির ৯টি এখানে অবস্থিত।

**সমবায় সমিতি**  
এখানে রয়েছে কৃষক সমিতি ৫০টি, মৎস্য ১৭টি, ভূমিহীন কৃষক ১টি, বহুমুখী ৩টি, পেশাজীবী ১টি, কেন্দ্রীয় মুক্তিযোদ্ধা ১টি ও সমাজকল্যাণ সংগঠন ৬টি।

**জমির পরিমাণ**  
চাষাবাদী ২৪০৮০ একর, পতিত ৩০০ একর, পাহাড়ী ৭৪৩ একর, ফল বাগান ৭২ একর, সর্বসাধারণের ব্যবহার্য ৩২২ একর, জলমহাল ৮৫৫ একর, খাস পুকুর ৫টি, হাওরা ৪টি, নদী তট ৩ রাব্বার বাগান ২টি।

**বিদ্যুৎ**  
উপজেলার অধিকের ও কম গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। যদিও এখানে ১৩২ কেভি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র রয়েছে।

**যাতায়াত**  
রেল সড়ক ও নদীপথ। রেল বিভাগের তিনটি স্টেশন এ উপজেলায় রয়েছে। আশুনগর ট্রেনগুলোর স্টপেজ নেই। ৫০টি জেলার লোক ফেঞ্চগঞ্জ সারকারখানায় কর্মরত রয়েছেন।

**রাস্তা**  
কাঁচা ২৫ মাইল, পাকা মাত্র ৭ মাইল।